গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
dpe.mymensinghdiv.gov.bd

## সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ রকিব উদ্দিন, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
তারিখ : ২২/১২/২০২২
সময় : বেলা ১২:০০ ঘটিকা
সভা : ভার্চুয়াল
**Meeting ID : 7882723993**
**Password : ddm123**

**আলোচ্য বিষয়:**

১. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ সংক্রান্ত আলোচনা;
২. দপ্তর/সংস্থা কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার (সিটিজেন চার্টার) অনুযায়ী সেবা প্রদান সংক্রান্ত পর্যালোচনা ও ফিডব্যাক;
৩ বিবিধ;

ডিসেম্বর মাস বাঙালির বিজয়ের মাস। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ স্বাধীনতা সংগ্রামে সকল বীর মুক্তিযোদ্ধা ও শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বিভাগীয় উপপরিচালক সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিজয়ের মাসে বিজয়কে সমুন্নত রাখার জন্য নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীকে নাগরিক সেবা প্রদান অব্যাহত রাখার প্রতি গুরুত্বারোপ করেন। তিনি সকলকে যথাসময়ে সভায় সংযুক্ত হওয়ার জন্য ধন্যবাদ জানিয়ে আলোচ্যসূচী অনুসারে জনাব মো: শফিকুল ইসলাম, শিক্ষা অফিসার, উপপরিচালকের কার্যালয়-কে আলোচনার জন্য নির্দেশনা প্রদান করেন। বিভাগের সকল জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও পিটিআই সুপারিনটেনডেন্ট, প্রত্যেক জেলার নির্বাচিত উপজেলা শিক্ষা অফিসার ও ইউআরসি ইন্সট্রাক্টর স্ব-স্ব জেলা ও উপজেলা কার্যালয়ের কার্যক্রম তুলে ধরেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ সংক্রান্ত আলোচনা | সভার শুরুতেই সভাপতি প্রত্যেক কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ নিশ্চিত করে তা প্রত্যেকের ওয়েব সাইটে ৩০ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করেন। বিভাগীয় প্রাথমিক শিক্ষার সকল পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমগুলো যথাযথভাবে প্রতিশ্রুত নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার আহ্বান জানান। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১.৩ ক্রমিকে অন্তর্ভুক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করার নির্দেশনা থাকায় জেলা ও উপজেলা পর্যায়ে নিয়মিত সভা করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>সভায় জেলা ও উপজেলা পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ সংক্রান্ত বিগত ত্রৈমাসিকের অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সুপারিনটেনডেন্টগণ জানান তাঁদের নিজ নিজ অধিক্ষেত্রে ২য় ত্রৈমাসিকের অন্তর্ভুক্ত কার্যক্রমগুলো ইতোমধ্যেই সম্পন্ন করেছেন। | (১) প্রত্যেক কার্যালয়ের সিটিজেন চার্টার হালফিল করে নিজ নিজ ওয়েব সাইটে আগামী ৩০ ডিসেম্বর ২০২২ এর মধ্যে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমগুলো যথাযথভাবে প্রতিশ্রুত নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরকে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিত করণ সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্ট। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০২ | দপ্তর/সংস্থা কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার (সিটিজেন চার্টার) অনুযায়ী সেবা প্রদান সংক্রান্ত পর্যালোচনা ও ফিডব্যাক | বিভাগের প্রতিটি দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি চর্চা নিশ্চিতের জন্য এর বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন প্রতি ৩ মাস অন্তর নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। এছাড়াও প্রত্যেক প্রান্তিকে কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রম গুলো যথাসময়ে বাস্তবায়ন পূর্বক এর অগ্রগতির প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের গুরুত্বারোপ করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির পুনর্গঠন, সভাকরণ, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও প্রমাণক সংরক্ষণ করে তা যথাসময়ে দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | (১) বিভাগের প্রতিটি দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি চর্চা নিশ্চিতের জন্য এ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি ৩ মাস অন্তর অধিক্ষেত্র মোতাবেক প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির পুনর্গঠন, সভাকরণ, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও প্রমাণক সংরক্ষণ করে তা যথাসময়ে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**বাস্তবায়নকারী:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্ট। |
| ০৩ | বিবিধ | বিবিধ বিষয় আলোচনায় সভাপতি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্টগণকে তাঁদের আওতাধীন সকল অফিস, প্রতিষ্ঠান ও বিদ্যালয় সমুহে সেবা প্রদান সহজীকরণের জন্য আহবান জানান। সভাপতি জানান আগামী ৩০ ডিসেম্বর সারাদেশে একযোগে প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় ডি.আর. প্রস্তুত, নির্ধারিত সফটওয়্যারে এন্ট্রিকরণ, কেন্দ্র নির্বাচন, কেন্দ্রভিত্তিক অন্যান্য সকল প্রস্তুতিসহ যাবতীয় কার্যক্রম পরিকল্পনা মোতাবেক যথাযথভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এছাড়াও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক বরাবরের মত ১ জানুয়ারী ২০২৩ বই উৎসব পালনের নির্দেশনা প্রদান করেন। | কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**বাস্তবায়নকারী:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্ট। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

২৫.১২.২০২২


(মোহাম্মদ রকিব উদ্দিন)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা,ময়মনসিংহ বিভাগ
ময়মনসিংহ।
02-997710283
ddpmymen@gmail.com


২৫/১২/২০২২

স্মারক নং: ৩৮.৪৫.০০০০.০০০.৯৯.০৫৯.১৯. ১১৪৫

তারিখ: ১০ পৌষ ১৪২৯ / ২৫ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২,মিরপুর, ঢাকা-১২১৬।
২। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৩। পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৬। উপজেলা শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৭। ইন্সট্রাক্টর, ইউআরসি (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৮। সংরক্ষণ নথি।